



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২০৮

তারিখঃ

১৪ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

শোকবার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মাননীয় অ্যাটর্নি জেনারেল, সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি, সাবেক সাধারণ সম্পাদক, প্রথিতযশা সিনিয়র আইনজীবী জনাব মাহবুবে আলম ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় গত ২৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ সন্ধ্যা ১৯:২৫ ঘটিকায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর। আইন অঙ্গনে এবং পুঁজিবাজারের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন আইনি বিষয়ে তাঁর অবদান আমরা কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। তাঁর মৃত্যুতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পরিবার গভীরভাবে শোকাহত।

আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহানুভূতি জ্ঞাপন করছি।

M. Rezaul Karim
29-09-2020

মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র